ন সন্তি। তত্রাত্মবুদ্ধিঃ পরমপ্রীত্যাস্পদত্বম্। স এব গোখরঃ গো-নিকৃষ্ট উচ্যতে। যদ্বা সিন্ধুসৌবীরপ্রসিদ্ধো বন্যগর্দ্দভজাতিবিশেষো ম্লেচ্ছজাতিবিশেষো বা স ন ত্বন্যঃ প্রসিদ্ধঃ। বিবেকিত্বাভিমানিতায়াং সত্যামপ্যবিবেকিত্বাৎ ততোঽপি নিকৃষ্টত্বং তস্যেতি। ভৌম ইজ্যধীরিতি সাধারণদেবতাবিষয়কমেব পূর্ব্বং তথৈবোপক্রান্তত্বাৎ অর্চ্চায়ামেব হরয়ে ইত্যাদিবিরোধাচ্চ। তদেবং যথা তরোর্মূলনিষেচনেনেত্যাদি-বাক্যমত্র নাবতারয়িতব্যম্॥ ১০॥৮৪॥ শ্রীভগবান্ মুনিবৃন্দম্॥ ২৪৫॥

ব্যতিরেকমুখে অর্থাৎ মহাভাগবতের সেবা না করিলে যে মহান্ দোষ ঘটে, তাহাই ১০।৮৪ অধ্যায়ে শ্রীভগবান্ কুরুক্ষেত্রে মিলিত মুনিবৃন্দের নিকট বলিয়াছিলেন—হে মুনিবৃন্দ! যে দেহ জড় বা অচেতন বলিয়া কুণপ অর্থাৎ স্বয়ং মৃততুল্য, যদ্যপি এই দেহে চৈতন্যের সংযোগ আছে, তথাপি বাত-পিত্ত-কফ—এই তিন দোষে দূষিত এবম্ভুত শরীরে যে জন আত্মবুদ্ধি করিতে পারিয়াছে, যাহার স্ত্রী-পুত্র প্রভৃতিতে নিজজন বুদ্ধি আছে, ভূমিবিকার মৃন্ময় সাধারণ দেবতা-প্রতিমাদিতে আরাধ্যবুদ্ধি পোষণ করে, সাধারণ জলাদিতে তীর্থবুদ্ধি করে, কিন্তু কখনও ভগবৎতত্ত্ববিজ্ঞ ভক্তজনে সেই প্রকার পরমপ্রীত্যাস্পদবুদ্ধি কিংবা নিজজনতাবুদ্ধি অথবা পূজ্যবুদ্ধি কিংবা তীর্থবুদ্ধি করে না, অর্থাৎ ভগবদ্‌ভক্তই প্রীতি করিবার উপযুক্ত পাত্র, ভগবদ্‌ভক্তের মত আত্যন্তিক হিতকারী নিজ জন আর কেহই নাই, ভগবদ্ভক্তের মত পূজ্য শ্রীভগবানও নহেন, ভগবদ্ভক্তের মত পবিত্র করিতে অন্য কোনও তীর্থই সমর্থ নহে—এইপ্রকার বুদ্ধি যে মানবের হৃদয় নাই, সেই মানবই গোখর অর্থাৎ গো-জাতির মধ্যে নিকৃষ্ট বলিয়া কথিত হয় কিংবা সিন্ধুসৌবীরদেশে প্রসিদ্ধ বন্য গর্দ্দভজাতিবিশেষ অথবা ম্লেচ্ছজাতিবিশেষ। প্রসিদ্ধ গো জাতি—গো জাতি নয়, কিন্তু ভগবদ্‌ভক্তে যে জন আরোধ্যবুদ্ধি করে না, সেইজন আকারে মনুষ্য হইলেও স্বভাবে গো জাতি হইতেও অতি হীন। তাহার "আমি বেশ ভাল বুঝি"—এইরূপ অভিমান থাকিলেও বস্তুবিচারে অবিবেকী, যেহেতু ভগবদ্‌ভক্ততত্ত্ব অতি মহৎ ও অতি নিগূঢ় অথচ ভগবদ্‌ভক্তের কৃপাভিন্ন কোন সাধনেও ভগবৎ-তত্ত্বানুভব হইতেই পারে না। সেই ভগবদ্-ভক্ততত্ত্বজ্ঞানহীন জনই যথার্থতঃ মূর্খ ও অবিবেকী পশু হইতেও অধিক হেয়। এ স্থানে একটু বিশেষ বুঝিবার বিষয় এই যে—"ভৌম ইজ্যধী" অর্থাৎ মৃন্ময় দেবতা প্রভৃতিতে যাহারা পূজ্যবুদ্ধি করে। এস্থানে দেবতা বলিতে সাধারণ দেবতাপর অর্থই জানিতে হইবে কিন্তু শ্রীবিষ্ণুপর অর্থ হইতে পারে না। যেহেতু পূর্ব্বে সেইরূপ প্রসঙ্গেরই উপক্রম করা হইয়াছে। বিশেষতঃ ১১।২ অধ্যায়ে দ্বিতীয় যোগীন্দ্র শ্রীহরিমহাশয় শ্রীল নিমি-মহারাজকে কনিষ্ঠ-